# বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন
## Bangladesh Rubber Garden Owner's Association (BRGOA)
E-mail : brgoa.bd@gmail.com


স্মারক নং- বিআরজিওএ.নি.২০২৬-২৭.০০৮-২০২৫ তারিখ: ০৩/১০/২০২৫ইং

## নির্বাচন বোর্ড কার্যালয়
### নির্বাচন তফসিল
### কার্যকরী পরিষদের সদস্য ও শীর্ষ কর্মকর্তা নির্বাচন (২০২৬-২৭)

| ক্রঃ | বিবরণ | তারিখ, দিন ও সময় |
|---|---|---|
| ০১ | হালনাগাদ ট্রেড-লাইসেন্স,আয়কর প্রদানের প্রত্যায়ন পত্র/রশিদ-এর কপি, জাতীয় পরিচয়পত্রের অনুলিপি, দুই কপি পাসপোর্ট সাইজ ছবি এবং মনোনীত প্রতিনিধির নাম জমা দানের সর্বশেষ তারিখ ও সময়। | ৫ অক্টোবর ২০২৫ হইতে ১৬ অক্টোবর, ২০২৫ বৃহস্পতিবার বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত। |
| ০২ | প্রাথমিক ভোটার তালিকা প্রকাশের তারিখ ও সময়। | ২১ অক্টোবর, ২০২৫ মঙ্গলবার বিকাল ০৪.০০ ঘটিকায়। |
| ০৩ | প্রাথমিক ভোটার তালিকার উপর আপীল বোর্ডের নিকট আপত্তি দাখিলের সর্বশেষ তারিখ ও সময়। | ২৩ অক্টোবর, ২০২৫ বৃহস্পতিবার বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত। |
| ০৪ | নির্বাচনী আপীল বোর্ড কর্তৃক প্রাথমিক ভোটার তালিকার আপত্তির উপর শুনানী ও সিদ্ধান্ত প্রদান। | ২৫ অক্টোবর, ২০২৫ শনিবার দুপুর ১২.০০ ঘটিকায়। |
| ০৫ | চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের তারিখ ও সময়। | ২৯ অক্টোবর, ২০২৫ বুধবার বিকাল ০৪.০০ ঘটিকায়। |
| ০৬ | কার্যনির্বাহী পরিষদের সদস্যপদে মনোনয়নপত্র সংগ্রহ ও দাখিলের সর্বশেষ তারিখ ও সময়। | ৩০ অক্টোবর, ২০২৫ বৃহস্পতিবার হইতে ০২ নভেম্বর, ২০২৫ রবিবার দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত। |
| ০৭ | মনোনয়নপত্র বাছাই ও বৈধভাবে মনোনীত প্রার্থীদের তালিকা প্রকাশের তারিখ ও সময়। | ০৩ নভেম্বর, ২০২৫ সোমবার বিকাল ০৪.০০ ঘটিকায়। |
| ০৮ | মনোনয়নপত্র বাতিল সম্পর্কে আপীল বোর্ডের নিকট আপত্তি দাখিলের সর্বশেষ তারিখ ও সময়। | ০৬ নভেম্বর, ২০২৫ বৃহস্পতিবার বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত। |
| ০৯ | মনোনয়নপত্র বাতিল সম্পর্কিত দাখিলকৃত আপত্তির উপর আপীল বোর্ডের শুনানী ও সিদ্ধান্ত প্রদান। | ০৯ নভেম্বর, ২০২৫ শনিবার সকাল ১১.০০ ঘটিকায়। |
| ১০ | বৈধভাবে মনোনীত প্রার্থীদের প্রাথমিক তালিকা প্রকাশের তারিখ ও সময়। | ২০ নভেম্বর, ২০২৫ বৃহস্পতিবার বিকাল ০৪.০০ ঘটিকায়। |
| ১১ | প্রার্থীপদ প্রত্যাহারের সর্বশেষ তারিখ ও সময়। | ২৩ নভেম্বর, ২০২৫ রবিবার দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত। |
| ১২ | চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশের তারিখ ও সময়। | ২৪ নভেম্বর, ২০২৫ সোমবার বিকাল ০৪.০০ ঘটিকায়। |
| ১৩ | নির্বাচন অনুষ্ঠান (ভোট গ্রহণ) স্থান<br>প্রধান কার্যালয়:<br>সিজেকেএস শপিং কমপ্লেক্স (৫ম তলা), রুম নং-৫০৬২, নুর আহম্মদ সড়ক, কাজীর দেউড়ী, চট্টগ্রাম। মোবাইল: ০১৬১১-৭৪৮৮৩৪ | ০৬ ডিসেম্বর, ২০২৫ শনিবার। বিরতিহীনভাবে সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত। |
| ১৪ | ভোট গ্রহণ শেষে ভোট গণনা ও প্রাথমিক ফলাফল প্রকাশের তারিখ। | ০৬ ডিসেম্বর, ২০২৫ শনিবার। সন্ধ্যা ০৬.০০ ঘটিকা |

চলমান পাতা-০২


- **প্রধান কার্যালয় ও যোগাযোগের ঠিকানা :** কক্ষ নং- ৫০৬২, (৫ম তলা) সি.জি.কে.এস. শপিং কমপ্লেক্স, কাজির দেউরী, চট্টগ্রাম, মোবাইল: ০১৬১১-৭৪৮৮৩৪
- **ঢাকা কার্যালয় :** ইব্রাহিম চেম্বার (৪র্থ তলা), ৯৫ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, মোবাইল: ০১৭১১-৫২০৭৪৩১
- **বান্দরবান কার্যালয় :** জাহাঙ্গীর মার্কেট (৩য় তলা), ডিসি রোড বান্দরবান সদর, মোবাইল: ০১৮২০-৪২৪০০১
- **ডুলহাজারা কার্যালয় :** মজুমদার মার্কেট, (২য় তলা), ডুলহাজারা, কক্সবাজার, মোবাইল: ০১৮১৫-৫৫৭৭৭৮
- **বাইশারী কার্যালয় :** নাজমা খাতুন ভিলা (২য় তলা), ২৭৮ বাইশারী, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা, মোবাইল: ০১৮৪১-৫১৫১৫৩

পাতা-০২

| | | |
|---|---|---|
| ১৫ | শীর্ষ কর্মকর্তা নির্বাচনের মনোনয়নপত্র সংগ্রহ ও দাখিলের সর্বশেষ তারিখ ও সময়। | ০৯ ডিসেম্বর, ২০২৫ মঙ্গলবার দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত। |
| ১৬ | শীর্ষ কর্মকর্তা নির্বাচনের মনোনয়নপত্র বাছাই ও বৈধভাবে মনোনীত প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশের তারিখ ও সময়। | ১০ ডিসেম্বর, ২০২৫ বুধবার বিকাল ০৩.০০ ঘটিকায়। |
| ১৭ | নির্বাচিত সদস্যদের ভোটে শীর্ষ কর্মকর্তা নির্বাচন ও প্রাথমিক ফলাফল প্রকাশের তারিখ ও সময়। | ১২ ডিসেম্বর, ২০২৫ শুক্রবার বিকাল ০৪.০০ ঘটিকায়। |
| ১৮ | নির্বাচন ফলাফলের বিরুদ্ধে নির্বাচন আপীল বোর্ডের নিকট আপত্তি দাখিলের সর্বশেষ তারিখ ও সময়। | ১৩ ডিসেম্বর, ২০২৫ শনিবার বেলা ০২.০০ ঘটিকা পর্যন্ত। |
| ১৯ | নির্বাচন আপীল বোর্ড কর্তৃক নির্বাচন ফলাফলের আপত্তির উপর শুনানী ও সিদ্ধান্ত প্রদান। | ১৪ ডিসেম্বর, ২০২৫ রবিবার সকাল ১১.০০ ঘটিকায়। |
| ২০ | নির্বাচন বোর্ড কর্তৃক চূড়ান্ত ফলাফল প্রকাশ। | ১৫ ডিসেম্বর, ২০২৫ সোমবার বিকাল ০৪.০০ ঘটিকায়। |

(মোহাম্মদ খুরশেদুর রহমান)
সদস্য
নির্বাচন বোর্ড ২০২৬-২০২৭
বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন

(মাহফুজুল হক শাহ)
সদস্য
নির্বাচন বোর্ড ২০২৬-২০২৭
বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন

(আতাউল করিম)
চেয়ারম্যান
নির্বাচন বোর্ড ২০২৬-২০২৭
বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন

উন্নত জাতের রাবার চাষ,
চাষীর আনন্দ ১২ মাস

BRGOA

**বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন**
প্রধান কার্যালয়
রুম ৫০৬২, ৫ম তলা, সি.জে.কে.এস শপিং কমপ্লেক্স,
কাজীর দেউরী, চট্টগ্রাম
www.brgoa.com

রাবার গাছের বিশেষ গুণ,
কার্বন শোষণ করে দ্বিগুণ

স্মারক নং- বিআরজিওএ.নি.২০২৬-২৭.০০৯-২০২৫ তারিখ: ০৩/১০/২০২৫ইং

# নির্বাচন কমিশন কার্যালয়

## নির্বাচন বিজ্ঞপ্তি

এতদ্বারা বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন সকল সদস্যদের অবগতির জন্য জানানো যাইতেছে যে, এসোসিয়েশনের (২০২৬-২০২৭) মেয়াদের দ্বি-বার্ষিক নির্বাচন আগামী ০৬ ডিসেম্বর ২০২৫ ইং তারিখ শনিবার অনুষ্ঠিত হইবে। অদ্য উক্ত নির্বাচনের তফসিল অত্র বিজ্ঞপ্তির সহিত প্রকাশ করা হইল ঃ-

## নির্বাচন সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্যাবলী

১। নির্বাচন তফসিলে বর্ণিত তারিখের মধ্যে সমিতির প্রাপ্ত চাঁদা সম্পূর্ণ পরিশোধ করেন নাই এমন কোন সদস্য উক্ত নির্বাচনে ভোট দিতে পারিবেন না। **বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন** এর আগামী দ্বি-বার্ষিক নির্বাচন (২০২৬-২০২৭) এ ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির জন্য নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্য করণীয়-
(ক) হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি।
(খ) আয়কর প্রদানের প্রত্যায়নপত্র/রশিদ এর সত্যায়িত কপি।
(গ) দুই কপি সত্যায়িত পাসপোর্ট সাইজ ছবি।

২। প্রাথমিক ভোটার তালিকায় কাহারো নাম অন্তর্ভুক্তি বা সংশোধন বা উহা হইতে বাদ দেওয়ার প্রয়োজন হইলে নির্বাচন তফসিলে বর্ণিত সময়ের মধ্যে নির্বাচন আপীল বোর্ডের নিকট লিখিত আপত্তি জানাইতে হইবে। দাখিলকৃত আপত্তির ব্যাপারে আপীল বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হইবে।

৩। ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তি নাই এমন কোন ব্যক্তি কার্যকরী পরিষদ নির্বাচনে প্রার্থী বা প্রস্তাবকারী বা সমর্থনকারী হইতে পারিবেন না।

৪। ১,০০০/- (এক হাজার) টাকার বিনিময়ে প্রাথমিক অথবা চূড়ান্ত ভোটার তালিকা সংগ্রহ করা যাইবে।

৫। প্রতি প্রার্থীকে কার্যকরী পরিষদের সদস্যপদের জন্য মনোনয়ন ফি বাবদ নগদ ১০,০০০/- (দশ হাজার) টাকা (অফেরৎযোগ্য) এসোসিয়েশনের নির্ধারিত ব্যাংক হিসাবে জমা প্রদান করতঃ মনোনয়নপত্র সংগ্রহ করিতে হইবে। মনোয়নপত্র জমা দেয়ার সময় মনোনয়ন ফি প্রদানের ব্যাংক জমার মূল রশিদ ও এসোসিয়েশন কর্তৃক প্রদানকৃত মানি রিসিপ্ট এর ফটোকপি সংযুক্ত করিতে হইবে।

৬। শীর্ষ কর্মকর্তা নির্বাচনে সভাপতি, সহ-সভাপতি ও মহাসচিব পদের জন্য নগদ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ও অন্যান্য কর্মকর্তা পদের জন্য ২০,০০০/- (বিশ হাজার) টাকা এবং কার্যকরী সদস্য পদের জন্য ১০,০০০/- (দশ হাজার) টাকা এসোসিয়েশনের নির্ধারিত ব্যাংক হিসাবে জমা প্রদান করতঃ মনোনয়নপত্র সংগ্রহ করিতে হইবে। মনোয়নপত্র জমা দেয়ার সময় মনোনয়ন ফি প্রদানের ব্যাংক জমার মূল রশিদ ও এসোসিয়েশন কর্তৃক প্রদানকৃত মানি রিসিপ্ট এর ফটোকপি সংযুক্ত করিতে হইবে।

৭। মনোনয়নপত্র বাছাইয়ের সময় প্রার্থী স্বয়ং অথবা তার প্রতিনিধি, প্রস্তাবকারী ও সমর্থনকারী উপস্থিত থাকিতে পারিবেন।

৮। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হওয়ার পর হইতে মনোনয়ন ফি প্রদান পূর্বক মনোনয়ন ফরম সংগ্রহ করা যাইবে।

৯। নির্বাচন বোর্ড কাহারো মনোনয়নপত্র বাতিল করিলে প্রার্থীগণের প্রাথমিক তালিকা প্রকাশের পর নির্বাচন তফসিলে বর্ণিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট প্রার্থী আপীল বোর্ডের নিকট লিখিত আপত্তি দাখিল করিতে পারিবেন। এই ব্যাপারে আপীল বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১০। কোন প্রার্থীর পক্ষে একাধিক মনোনয়নপত্র জমা হইলে তন্মধ্যে যে কোন ১ (এক) টি মনোনয়নপত্র সঠিক হইলে তাহা বৈধ মনোনয়ন হিসাবে বিবেচিত হইবে।

১১। কোন নির্বাচিত সদস্য শীর্ষ কর্মকর্তা নির্বাচনে একাধিক পদে মনোনয়নপত্র দাখিল করিলে এবং বাছাই এর ১ ঘন্টার মধ্যে অর্থাৎ চূড়ান্ত তালিকা প্রকাশের পূর্বে যে কোন একটি রাখিয়া অন্য গুলি প্রত্যাহার না করিলে সেই ক্ষেত্রে তাহার সকল মনোনয়ন পত্র বাতিল হিসাবে গণ্য হইবে।

চলমান পাতা-০২

১২। ঘোষিত নির্বাচনের ফলাফল সম্পর্কে সংশ্লিষ্ট প্রার্থীর কোন আপত্তি থাকিলে ফলাফল প্রকাশের পর নির্বাচন তফসিলে বর্ণিত সময়ে মধ্যে আপীল বোর্ডের নিকট লিখিত আপত্তি দাখিল করিতে পারিবেন। আপীল বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত বলিয়া গণ্য হইবে।

১৩। আপীল বোর্ড হইতে প্রাপ্ত সিদ্ধান্ত অনুসারে নির্বাচন বোর্ড কর্তৃক ইতোপূর্বে প্রকাশিত ফলাফল সংশোধন করার প্রয়োজন হইলে নির্বাচন বোর্ড অবিলম্বে উক্ত ফলাফল সংশোধিত আকারে প্রকাশ করিবে।

১৪। নির্বাচনে ভোট দানের অধিকারী সদস্যগণ ব্যক্তিগতভাবে উপস্থিত হইয়া ভোট প্রদান করিবেন। প্রক্সির মাধ্যমে কোন ভোট দেওয়া যাইবে না।

১৫। নির্বাচন গোপন ব্যালটের মাধ্যমে অনুষ্ঠিত হইবে এবং উপস্থিত প্রত্যেক ভোটার প্রত্যেক পদের জন্য একটি ভোট প্রয়োগের অধিকারী হইবেন। নির্বাচন বোর্ড প্রদত্ত ছবি সম্বলিত ভোটার পরিচয়পত্র প্রদর্শন পূর্বক ভোট দিতে হইবে।

১৬। ২৫ টি কার্যনিবাহী সদস্য পদে নির্বাচিত ঘোষিত হইবার পর নির্বাচন বোর্ড নবনির্বাচিত সদস্যগণের মধ্য হইতে ১৯ টি শীর্ষ কর্মকর্তা পদের নির্বাচন সম্পন্ন করিবে। সভাপতি-১ টি, সহ-সভাপতি-৫ টি, মহাসচিব-১ টি, যুগ্ম মহাসচিব-২ টি, অর্থ সম্পাদক-১ টি, সাংগঠনিক সম্পাদক-৩ টি, প্রচার ও জনসংযোগ সম্পাদক-১ টি, বিপণন সম্পাদক-১ টি, আইন ও সালিশ সম্পাদক-১ টি, গবেষণা সম্পাদক-১ টি, উন্নয়ন ও ব্যবস্থাপনা সম্পাদক-১ টি এবং দপ্তর সম্পাদক-১ টি। যে কোন পদে একাধিক প্রার্থী সমান সংখ্যক ভোট প্রাপ্ত হইলে লটারীর মাধ্যমে তাহা নিস্পত্তি হইবে।

১৭। প্রত্যেক ভোটারকে ব্যালট পেপারে নির্দিষ্ট ঘরে ক্রস (×) চিহ্নের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করিতে হইবে। উল্লেখ্য যে, ভোট প্রদানের সময় অবশ্যই এসোসিয়েশন কর্তৃক প্রদানকৃত মেম্বারশীপ আইডি কার্ড সাথে আনতে হবে।

১৮। নির্বাচন আপীল বোর্ড নির্বাচন তফসিলে বর্ণিত সময়ের প্রাথমিক ভোটার তালিকা বা মনোনয়ন পত্র বাতিল বা নির্বাচন ফলাফল সংক্রান্ড় আপত্তির শুনানী গ্রহণ করিবেন। সেই ক্ষেত্রে আপীলকারীগণকে যথা সময়ে উপস্থিত থাকিতে হইবে এবং তাহাদের উপস্থিতির জন্য আলাদাভাবে কোন নোটিশ প্রদান করা হইবে না।

১৯। নির্বাচন সংক্রান্ত যাবতীয় নোটিশ/বিজ্ঞপ্তি সমিতির নোটিশ বোর্ডে প্রদর্শিত হইবে।

২০। নির্বাচন তফসিলে বর্ণিত কোন বিষয়ের তারিখে যে কোন কারণে বন্ধ থাকিলে বা সরকারী ছুটি থাকিলে পরবর্তী দিন তফসিলের কর্মদিবস বলিয়া গণ্য হইবে।

২১। নির্বাচন বোর্ড সচিবালয়ের সময়সূচী শনিবার হইতে বৃহস্পতিবার সকাল ১০টা হইতে বিকাল ৫টা পর্যন্ত।

২২। নির্বাচনের সকল কার্যক্রম বাণিজ্য সংগঠন বিধি, ১৯৯৪, প্রজ্ঞাপনের মাধ্যমে জারীকৃত সর্বশেষ সংশোধনী এবং এসোসিয়েশনের সংঘবিধি অনুযায়ী পরিচালিত হইবে।

(মোহাম্মদ খুরশেদুর রহমান)
সদস্য
নির্বাচন বোর্ড ২০২৬-২০২৭
বাংলাদেশ রাবার গার্ডেন ওর্নার্স এসোসিয়েশন

(মাহফুজুল হক শাহ)
সদস্য
নির্বাচন বোর্ড ২০২৬-২০২৭
বাংলাদেশ রাবার গার্ডেন ওর্নার্স এসোসিয়েশন

(আতাউল করিম)
চেয়ারম্যান
নির্বাচন বোর্ড ২০২৬-২০২৭
বাংলাদেশ রাবার গার্ডেন ওর্নার্স এসোসিয়েশন

| | | |
|---|---|---|
| উন্নত জাতের রাবার চাষ,<br>চাষীর আনন্দ ১২ মাস | BRGOA | রাবার গাছের বিশেষ গুণ,<br>কার্বন শোষণ করে দ্বিগুণ |

**বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন**

**প্রধান কার্যালয়**

রুম ৫০৬২, ৫ম তলা, সি.জে.কে.এস শপিং কমপ্লেক্স,

কাজীর দেউরী, চট্টগ্রাম

www.brgoa.com

স্মারক নং- বিআরজিওএ.নি.২০২৬-২৭.০১০-২০২৫ তারিখ: ০৩/১০/২০২৫ইং

# নির্বাচন আচরণ বিধি

১। নির্বাচন তফসিল জারী করার পর হইতে নির্বাচন সম্পন্ন হওয়া পর্যন্ত নিম্নলিখিত আচরণ বিধি প্রযোজ্য হইবে যাহা লংঘিত হইলে সংশ্লিষ্ট প্রার্থীকে আত্নপক্ষ সমর্থনের সুযোগ দিয়া তাঁহার প্রার্থীপদ বাতিল করা সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাইবে, যথা ঃ-

(ক) নির্বাচন উপলক্ষ্যে বিজ্ঞাপন প্রদান, কোন প্রকার পোস্টার, চিকা অথবা ব্যানার ব্যবহার করা যাইবে না।

(খ) মিছিল করা অথবা শ্লোগান দেওয়া সম্পূর্ণ নিষিদ্ধ থাকিবে।

(গ) ভোটারদের নিকট কেবলমাত্র সাদাকালো A4 সাইজের প্রচার পত্র প্রেরণ করা যাইবে, তবে কোন রকম উপঢৌকন প্রেরণ করা যাইবে না।

(ঘ) কোন প্রার্থী একক অথবা দলবদ্ধভাবে কোন হোটেল, রেস্তোরা বা কমিউনিটি সেন্টারে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নির্বাচনী ও পরিচিতি সভা অনুষ্ঠান, ভোটারদের আপ্যায়নের আয়োজন এবং উহাতে অংশগ্রহণ করিতে পারিবেন না।

(ঙ) নির্বাচন বোর্ডের তত্ত্বাবধায়নে গ্রুপ ভিত্তিক সকল প্রর্থীর পরিচিতি সভার আয়োজন করা যাইবে।

(চ) নির্বাচন অনুষ্ঠানের ৪৮ ঘন্টা পূর্ব হইতে সকল প্রকার নির্বাচনী প্রচার-প্রচারণা সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকিবে।

(ছ) নির্বাচন অনুষ্ঠানের দিন নির্বাচন বোর্ড কর্তৃক ঘোষিত ভোট কেন্দ্রের ১০০ গজের মধ্যে প্রার্থী অথবা তাহার সমর্থকের সমাবেশ, জটলা, ব্যাজ ধারণ ও পোস্টার বহন সম্পূর্ণ নিষিদ্ধ থাকিবে।

(জ) নির্বাচন বোর্ড কর্তৃক নির্দেশিত বিধান বহির্ভুতভাবে কোন প্রার্থী কিংবা ভোটার ভোট গ্রহণ এলাকায় অহেতুক অবস্থান করিতে পারিবেন না।

২। নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের সভাপতিত্বে ও পরিচালনায় গ্রুপ ভিত্তিক সকল প্রার্থীর পরিচিতি সভা অনুষ্ঠান করা যাইবে প্রার্থীগণ সুনির্দিষ্ট সময়ের জন্য ভোটারদের উদ্দেশ্যে বক্তব্য পেশ করিতে পারিবেন। ব্যক্তিগত কুৎসা, অশালীন অথবা রাজনৈতিক বক্তব্য প্রদান করা যাইবে না। প্রার্থী পরিচিতি সভার ব্যয় নির্বাহের জন্য নির্বাচন বোর্ড সকল প্রার্থীর উপর সমান হারে ফি ধার্য করিতে পারিবে।

৩। এই নির্বাচন আচরণ বিধির এক বা একাধিক বিধান লংঘিত হইলে অথবা এই বিষয়ে কোন অভিযোগ উত্থাপিত হইলে সংশ্লিষ্ট পক্ষকে আত্নপক্ষ সমর্থনের সুযোগ দিয়া নির্বাচন বোর্ড এই বিধি মোতাবেক সিদ্ধান্ত প্রদান করিবে। নির্বাচন বোর্ডের উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে আপীল থাকিলে সংশ্লিষ্ট পক্ষ আপীল বোর্ডের নিকট সাথে সাথে আপীল দায়ের করিবে। উপদফা (১) এ বর্ণিত আচরণ বিধি লংঘন সংক্রান্ত অভিযোগ নিষ্পত্তির জন্য নির্বাচন বোর্ডের সুপারিশক্রমে সময়ে সময়ে আপীল বোর্ডের সভা অনুষ্ঠিত হইবে এবং নির্বাচন অনুষ্ঠানের সময়ে আচরণ বিধি সংক্রান্ত এইরূপ অভিযোগ নিষ্পত্তির জন্য আপীল বোর্ড নির্বাচন চলাকালীন সময়ে ভোট গ্রহণ কেন্দ্রে উপস্থিত থাকিবেন। আপীল বোর্ডের সভায় শুনানী গ্রহণ করা হইবে। এই শুনানীর বিষয়ে যাবতীয় নোটিশ সংশ্লিষ্ট পক্ষ হইতে বিশেষ বিজ্ঞপ্তি/ঘোষণা মারফত অবহিত করা হইবে। নোটিশ বোর্ডে এই বিষয়ে প্রদত্ত বিজ্ঞপ্তি একমাত্র বৈধ নোটিশ বলিয়া গণ্য হইবে। শুনানী শেষে আপীল বোর্ড কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৪। নির্বাচন বোর্ড ভোট গ্রহণ কক্ষে একই সঙ্গে প্রবেশের জন্য ভোটারের সংখ্যা নিয়ন্ত্রণ করিবেন। নির্বাচন বোর্ড, নির্বাচন কর্মকর্তা, আইন প্রয়োগকারী সংস্থার সদস্যবৃন্দ, নির্বাচন প্রার্থী এবং কেবলমাত্র ভোট দানের জন্য আগত ভোটার ভিন্ন অন্য কাহারও ভোট গ্রহণ কক্ষে প্রবেশাধিকার থাকিবে না।

৫। ভোট চিহ্ন প্রদানের জন্য নির্ধারিত গোপন কক্ষে একসঙ্গে একাধিক ভোটারের প্রবেশ নিষিদ্ধ থাকিবে। ভোট গ্রহণ কক্ষের বাহিরে ব্যালট পত্র নেওয়া যাইবে না।

৬। ভোট গ্রহণ কক্ষে সকল ভোটার, নির্বাচন বোর্ড ও সংশ্লিষ্ট নির্বাচন কর্মকর্তার নিয়ন্ত্রণে বিধি মোতাবেক গোপন ব্যালটের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করিবেন। এই আদেশের বিধান লংঘন অথবা অসদাচরণ, প্রচারণা ও প্ররোচণায় লিপ্ত যে কোন প্রার্থী অথবা ভোটারকে নির্বাচন বোর্ড কেন্দ্রের এলাকা হইতে বহিষ্কার করিতে পারিবে।

৭। নির্বাচন প্রার্থীবৃন্দ ভোট গ্রহণ এলাকা ও কক্ষে কেবল মাত্র নির্বাচন বোর্ড কর্তৃক সংরক্ষিত স্থান/আসনে অবস্থান করিতে পারিবেন এবং কেবলমাত্র নির্বাচন বোর্ডের অনুমতি গ্রহণ পূর্বক একমাত্র ভোট দানের উদ্দেশ্যে ভোট প্রদান কক্ষের সংশি-ষ্ট এলাকায় বিধি মোতাবেক প্রবেশ করিতে পারিবেন।

৮। কোন প্রার্থী ভোট গ্রহণ কক্ষে কোন ভোটারের সঙ্গে কোন প্রকার আলাপ ও প্রচারণায় লিপ্ত হইতে পারিবেন না।

৯। চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত নহে কিংবা জাল ভোট দান কিংবা ইতোমধ্যে ভোট দিয়াছেন, এমন ভোটারের বিরুদ্ধে অথবা অন্য কোন আচরণ বিধি লংঘনের বিরুদ্ধে প্রার্থীগণ নির্বাচন বোর্ড ও নির্বাচন কর্মকর্তার নিকট আপত্তি দাখিল করিতে পারিবেন।

১০। নির্বাচন বোর্ড এইরূপে দাখিলকৃত আপত্তি, অভিযোগের সুরাহা করতঃ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

১১। নির্বাচন বোর্ড কিংবা নির্বাচনী কর্মকর্তার নিষেধ বা সতর্কীকরণ সত্ত্বেও কোন প্রার্থী ভোট গ্রহণ কক্ষে আলাপচারিতা ও প্রচারণায় লিপ্ত হইলে সংশ্লিষ্ট প্রার্থীকে আত্নপক্ষ সমর্থনের সুযোগ দিয়া উপদফা (৩) এ বর্ণিত বিধান পূর্বক তাহার প্রার্থীপদ বাতিল করা যাইবে।

১২। নির্বাচন বোর্ড ব্যালট পত্রের ফরম নির্ধারণ করিবে। ব্যালট পত্রের প্রথম অংশে ব্যালট পত্র নম্বর মুদ্রিত থাকিবে এবং ব্যালট পত্র আবশ্যিকভাবে বাণিজ্য সংগঠনের সীল ও নির্বাচন বোর্ডের চেয়াম্যানের স্বাক্ষর সম্বলিত হইতে হইবে। অন্যথায় উহা গ্রহণযোগ্য হইবে না।

১৩। ভোটার তালিকায় ভোটার নম্বর, ভোটারের নাম, তাহার প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা এবং টি.আই.এন. নম্বর উল্লেখ করিতে হইবে। সংগঠনের দপ্তরে রক্ষিত সদস্য প্রতিষ্ঠান কর্তৃক মনোনিত সদসস্যের নমুনা স্বাক্ষরের ভিত্তিতে অথবা নির্বাচন বোর্ড কর্তৃক প্রদত্ত ছবি সম্বলিত পরিচিতি পত্রের মাধ্যমে ভোটার সনাক্ত করা হইবে। উক্ত পরিচিতি পত্র না থাকিলে অথবা স্বাক্ষরে গরমিল হইলে ভোট প্রদান করা যাইবে না।

১৪। পরিচিতি পত্র অথবা নির্বাচন বোর্ড কর্তৃক সংগঠনের দপ্তরে রক্ষিত নমুনা স্বাক্ষরের ভিত্তিতে সন্দেহাতীতরূপে ভোটার সনাক্ত করা হইলে নির্বাচনী কর্মকর্তা ভোটারের নাম ও নম্বর লিপিবদ্ধ করিয়া ব্যালট পত্রের প্রথম অংশ উক্ত ভোটারের স্বাক্ষর, নিজ স্বাক্ষর ও সিলসহ যথাযথভাবে পূরণ করতঃ ব্যালট পত্রের অপর অংশটি সংশ্লিষ্ট ভোটারকে প্রদান করিবেন এবং চূড়ান্ত ভোটার তালিকায় উক্ত ভোটারের নাম এর বিপরীতে ব্যালট পত্র নম্বর লিপিবদ্ধ করিয়া ভোটাধিকার প্রয়োগ রেকর্ড করিবেন। একজন ভোটারকে কোন অবস্থাতেই একাধিক ব্যালট পত্র পদান করা যাইবে না।

১৫। শারীরিকভাবে অসমর্থ কোন ভোটার, সাহায্যকারী ব্যতীত ভোট দানে অপারগ হইলে নির্বাচন বোর্ড নির্বাচন কর্মকর্তাদের মধ্য হইতে একজনকে ভোট প্রদান কক্ষে উক্ত ভোটারের সাহায্যকারী নিযুক্ত করিবেন।

১৬। ভোট গ্রহণ প্রারম্ভের অন্তত ১৫ মিনিট পূর্বে নির্বাচন বোর্ড নির্বাচন প্রার্থীগণের (যদি উপস্থিত থাকেন) সম্মুখে নিরীক্ষণ করিয়া শূন্যতার নিশ্চয়তার বিধান পূর্বক ব্যালট বাক্সটি বন্ধ ও সীল করিয়া এবং নির্বাচন বোর্ড, প্রার্থী ও ভোটারদের নিকট দৃশ্যমান একটি উপযোগী স্থানে স্থাপন করিবেন।

১৭। একটি ভোট গ্রহণ কক্ষে একই সঙ্গে কোন গ্রুপের সংরক্ষিত আসনে নির্বাচনের জন্য একাধিক ব্যালট বাক্স ব্যবহার করা যাইবে না। একটি ব্যালট বাক্স পূর্ণ কিংবা আরও ভোট গ্রহণের জন্য নির্বাচন বোর্ডের চেয়াম্যানের নিকট ব্যবহারে অনুপযোগী প্রতীয়মান হইলে তিনি সংশ্লিষ্ট ব্যালট বাক্সটি সীল করিয়া নিরাপদ ও দৃশ্যমান স্থানে সংরক্ষণ করতঃ উহার স্থলে অপর একটি শূন্য ও সীলকৃত ব্যালট বাক্সে ভোট গ্রহণ করিবেন।

১৮। ভোট গ্রহণের বিরতিকালে অথবা নির্বাচন বোর্ড কর্তৃক কেবলমাত্র সাময়িক প্রয়োজনে ভোট গ্রহণ স্থগিত করা হইবে ব্যালট বাক্স সীল করিয়া নির্বাচন বোর্ড কর্তৃক পুনরায় আরম্ভ না করা পর্যন্ত সংরক্ষিত থাকিবে।

১৯। নির্বাচনী তফসিলে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ভোট কেন্দ্রে উপস্থিত সকল ভোটার ভোট দান করিতে পারিবেন।

২০। উপদফা (১৯) এ বর্ণিত ভোট প্রদান সমাপ্ত হইলে ভোট গ্রহণ বন্ধ করা হইবে। অতঃপর ভোট গণনা শুরু হইবে এবং সমাপ্ত না হওয়া পর্যন্ত একটানা চলিতে থাকিবে। প্রার্থীগণ ভোট গণনার সময় উপস্থিত থাকিতে পারিবেন। তবে কোন প্রার্থী ভোট গণনার সময় নিজে উপস্থিত না থাকিলে নির্বাচন বোর্ডের সর্বানুমতিক্রমে তাঁহার পক্ষে একজন প্রতিনিধি নিযুক্ত করিতে পারিবেন।

২১। নির্বাচন বোর্ড গণনার উদ্দেশ্যে ব্যালট বাক্স হইতে ব্যালট বাহির করিয়া প্রাপ্ত ব্যালট পত্রের সংখ্যা লিপিবদ্ধ করতঃ ভোট গণনা শুরু করিবে। নিম্নলিখিত ক্ষেত্রে ব্যালট পত্র বাতিল বলিয়া গণ্য হইবে যথা ঃ-
(ক) নির্বাচনী কর্মকর্তার স্বাক্ষর ও সীল না থাকিলে ;
(খ) নির্ধারিত সংখ্যক পদের অতিরিক্ত অথবা কম সংখ্যক প্রার্থীকে ভোট প্রদান করা হইলে ; এবং
(গ) কাটাকাটি, ওভার রাইটিং সম্বলিত অস্পষ্ট ও ব্যালট পত্রের নির্দেশনাবলী লংঘন করিয়া পূরণকৃত ব্যালট পত্র।

| | | |
|---|---|---|
| (মোহাম্মদ খুরশেদুর রহমান)<br>সদস্য<br>নির্বাচন বোর্ড ২০২৬-২০২৭<br>বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন | (মাহফুজুল হক শাহ)<br>সদস্য<br>নির্বাচন বোর্ড ২০২৬-২০২৭<br>বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন | (আতাউল করিম)<br>চেয়ারম্যান<br>নির্বাচন বোর্ড ২০২৬-২০২৭<br>বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন |